

# সাথে চলা

## ঈসা (বর) কিভাবে জামাতের (কনে) সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হবেন?

সম্পূর্ণ পূর্ণতা, পরিত্রাতা, এবং অখণ্ডতার সাথে! মেঘের এই বিবাহ ভোজ হবে সমগ্র বিশ্ব-ব্রহ্মাণ্ডের মধ্যে জাক্যমকপূর্ণ এবং গৌরবময় উদযাপন! এই বিবাহের দ্বারা আল্লাহর মেষ-শাবক ও জামাত চিরকালের জন্য এক হবে। এখন মসীহের দেহ সম্পূর্ণরূপে যীশুর সাথে বাগদত্তা, কিন্তু প্রকাশিত ১৯ আয়াতে, আমরা বিবাহ উদযাপনের একটি আভাস পাই।

মূল শব্দ

**Tוֹךְ and Eיכָ**

*echad (Heb.) eis (Gk.)* = এক, পরিপূর্ণ একজ

তারপর আমি অনেক লোকের ভিত্তির আওয়াজ, জোরে বয়ে যাওয়া স্নোতের আওয়াজ ও জোরে বাজ পড়ার আওয়াজের মত করে বলা এই কথা শুনলাম, “আলহামদুদিল্লাহ্! আমাদের সর্বশক্তিমান মাঝুদ আল্লাহ্ রাজত্ব করতে শুরু করেছেন। ৭ এস, আমরা মনের খুশীতে খুব আনন্দ করি আর তাঁর প্রশংসা করি, কারণ মেষ-শাবকের বিয়ের সময় হয়েছে এবং তাঁর কনে নিজেকে প্রস্তুত করেছেন। ৮ উজ্জ্বল, পরিষ্কার ও মিহি মসীনার কাপড় তাকে পরতে দেওয়া হয়েছে। সেই কাপড় হল আল-হৱান্দাদের বাধ্যতা।”

৯ তারপর সেই ফেরেশতা আমাকে বললেন, “এই কথা লেখ, মেষ-শাবকের বিয়ের ভোজে যাদের দাওয়াত করা হয়েছে তারা ধন্য।” তিনি এই কথাও বললেন, “এগুলো আল্লাহরই কথা এবং তা সত্য।”

### কত পূর্ব থেকে বাগদত্তা?

এই ব্যক্তিগত প্রশ্নটি বিবেচনা করুন... আপনি যদি বিবাহিত হন, তাহলে কত আগে থেকে আপনি বাগদত্ত ছিলেন? যদি আপনি এখনো বিবাহিত না হন, তবে আপনি আপনার সম্পর্ক কত সময় স্থায়ী হওয়ার জন্য আশা করেন? ১ সপ্তাহ, ৬ মাস, ২ বছর? এবার যীশুর কথা চিন্তা করুন। সবথেকে ধৈর্যশীল এবং শক্তিমান বর যিনি তার সর্বাধিক ভালোবাসার বাগদত্তার সাথে ২০০০ বছরেরও বেশী সময় ধরে অপেক্ষা করছেন এবং এখনো করছেন!

### কনে... তৈরি এবং পাপমুক্ত

প্রকাশিত ১৯:৭ আয়াতে বলে, “আর তাহার ভার্যা আপনাকে সজ্জিত করিলেন।” চিরকালের পরিবারে, কনে তার কর্তব্য পালন সম্পন্ন করেছেন, তার বরের মতোই (ইউহোন্না ১৪)। ঈসা তার প্রতিজ্ঞা পালন করেছেন। তিনি স্থান প্রস্তুত করতে গিয়েছিলেন, আবার ফিরে এসেছেন ( ইউহোন্না ১৪)। তেমনি কনেও তার প্রতিজ্ঞা পালন করেছেন, এবং “নিজেকে সজ্জিত” করেছেন, জামাতকে তার করণীয় পালন করেছেন, সমস্ত জাতির কাছে তার রাজ্যের ঘোষণা করেছেন। তার বিবাহের পোশাকে তার সকল ভাল কাজের প্রমাণ খোচিত হয়েছে। প্রকাশিত ১৯:৮ আয়াতে, “তাকে শুচি মসীনা বন্ত দন্ত হইয়াছে (মসীনা বন্ত আল্লাহর ধার্মিক ব্যক্তিদের প্রতীক)” কনে আক্ষরিক অর্থেই শুচিকর্ম তার পোশাক হিসেবে পরিধান করে। ঈসা অনন্তকাল পর্যন্ত তার কনের এই ধার্মিকতার চিহ্নগুলো দেখবেন এবং মনে রাখবেন

### “মিলিত” হওয়া

সমস্ত জামাত (নারী পুরুষ উভয়ের সমষ্টিতে গঠিত) ঈসার সাথে তার কনে হিসেবে মিলিত হবে। আমরা তার এক হওয়ার প্রার্থনা পূরণ করব ( ইউহোন্না ১৭:২৩ )। আমরাও “এক” হব, যেমন পিতা ও পুত্র “এক।” যদিও এখানে মেঘের বিবাহ নিয়ে বৃহৎ রহস্য রয়েছে, তবু আমরা নিশ্চিত থাকতে পারি যে, ঈসার মিলিত হতে চাওয়ার আকাঙ্ক্ষা পূর্ণ হবে। পয়দা ২:২৩ আয়াত বলে, নারী ও পুরুষ “এক দেহ” হইল। দ্বিতীয় বিবরণ ৬:৪(শেমা) আয়াতেও একই শব্দ ব্যবহার করা হয়েছে: “ইন্দ্রিয়েল, শোন, প্রভু আমাদের আল্লাহ, তিনি এক ও অন্য” (*echad* হিক্তে এবং *eis* সেপ্টুয়াজিট LXX)। ঈসা আরও মোনাজাত করেছেন “সম্পূর্ণ মিলনের” জন্য এবং জামাতের একতার জন্য। (E'כִּי v/eis en ইউহোন্না ১৭:২১)। ঈসা একতা বোঝাতে জামাতে শেমার মতো একই শব্দ ব্যবহার করেছেন। এক এর অর্থ সমতুল্য বা একক নয়, বরং মিলিত হওয়া।

## ঈসা জামাতকে “এক” করতে চান। আমরা “এক” হব!

### উপসংহার

বেহেষ্টে সংগঠিত একমাত্র বিবাহ হল ঈসা এবং জামাতের মধ্যকার (ইফিমীয় ৫:৩১-৩২, লুক ২০:২৭-৪০)। মানুষ আল্লাহ হয়ে ওঠে না, তবুও মিলনের জন্য ঈসার মোনাজাত সফল হবে। কি এক বিশ্বায়ক রহস্য যা এখনো উন্মোচনের অপেক্ষায় আছে! (শব্দ অর্থয়ন: *echad, mia, en, eis*

### ৪ টি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি আল্লাহ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?